বার্ষিক প্রতিবেদন
২০১৮-২০১৯

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বার্ষিক প্রতিবেদন
২০১৮-২০১৯

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বার্ষিক প্রতিবেদন

জুলাই ২০১৮ - জুন ২০১৯

প্রধান পৃষ্ঠপোষক : **ডা. দীপু মনি এম.পি.**
মাননীয় মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিবুল হাসান চৌধুরী এম.পি.
মাননীয় উপমন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপদেষ্টা : **মো: মাহবুব হোসেন**
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

সার্বিক তত্ত্বাবধানে : **নাসরীন আফরোজ**
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

সম্পাদনা পরিষদ : **জান্নাতুল ফেরদৌস**
উপ-পরিচালক (উপসচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

কাজী হাসিবুদ্দীন আহমেদ
সহকারী পরিচালক (উপবৃত্তি)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক (প্রশাসন)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

যাদব সরকার
সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

মো: আব্দুাহ আল মামুন
প্রোগ্রামার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

অসীম কুমার পাল
সহকারী প্রোগ্রামার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

প্রকাশকাল : জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

সৌজন্যে : রূপালী ব্যাংক লিমিটেড

ডিজাইন ও প্রচ্ছদ : মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ

মুদ্রণ : সিলভান প্রিন্টিং

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখবন্ধ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সানুগ্রহ অভিপ্রায় ও নির্দেশনা অনুযায়ী দেশের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীরা যেন পিতা-মাতা ও অভিভাবকের আর্থিক অসচ্ছলতার কারণে শিক্ষার সুযোগ তথা সর্বজনীন মৌলিক মানবাধিকার থেকে বঞ্চিত না হয় সে লক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট স্থাপন করা হয়। ট্রাস্ট আইনের ৭(১) উপ-ধারার বিধান অনুযায়ী একটি উপদেষ্টা পরিষদ গঠন করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান। ট্রাস্ট আইনের ৮(১) উপ-ধারা অনুযায়ী একটি ট্রাস্টি বোর্ড গঠন করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ট্রাস্টি বোর্ডের সভাপতি।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় ২০১১-২০১২ অর্থবছরে জি.ও.বি. থেকে সিডমানি হিসেবে ১০০০.০০ (এক হাজার) কোটি টাকা বরাদ্দ দেয়া হয়। এ টাকা বিভিন্ন সরকারি ও বেসরকারি তফসিলি ব্যাংকে এফ.ডি.আর. হিসাবে রাখা আছে। উক্ত সিডমানির লভ্যাংশে ২০১২-২০১৩ অর্থবছর থেকে স্নাতক ও সমমান পর্যায়ে কেবল নারী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান কার্যক্রম শুরু হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ২০১৩-২০১৪ অর্থবছর থেকে এ উপবৃত্তি কার্যক্রমে ছাত্রদেরও অন্তর্ভুক্ত করা হয়। ২০১৩-২০১৪ অর্থবছরের উপবৃত্তি বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ২০১৮-২০১৯ অর্থবছরে ট্রাস্ট থেকে স্নাতক ও সমমান পর্যায়ের সর্বমোট ২,৬০,০৭০ জন (ছাত্রী ১,৯০,২৪৩ জন ও ছাত্র ৬৯,৮২৭ জন) ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে ১৩৭,৬০,৮৪,০৪০.০০ (একশত সাইত্রিশ কোটি ষাট লক্ষ চুরাশি হাজার চল্লিশ) টাকা উপবৃত্তি ও টিউশন ফি বাবদ বিতরণ করা হয়।

উপবৃত্তি বিতরণের পাশাপাশি নীতিমালার মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীকে মাধ্যমিক পর্যায়ে ৫,০০০.০০ টাকা, উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৮,০০০.০০ টাকা এবং স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীকে ১০,০০০.০০ টাকা শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা হিসেবে প্রদান করা হয়। দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীকে ১০,০০০.০০ থেকে ৫০,০০০.০০ টাকা পর্যন্ত এককালীন আর্থিক অনুদান হিসেবে প্রদান করা হয়। এছাড়াও, ট্রাস্ট থেকে প্রতিবছর উচ্চ শিক্ষায় ফেলোশিপ ও বৃত্তি বাবদ এম.ফিল. পর্যায়ে প্রতিমাসে ১০,০০০.০০ টাকা এবং পিএইচ.ডি. পর্যায়ে প্রতিমাসে ১৫,০০০.০০ টাকা হারে প্রদান করা হয়।

শিক্ষার মানোন্নয়নে করণীয়, শিক্ষার্থী ঝরে পড়ার কারণ ও রোধকল্পে করণীয়, নারীশিক্ষা অব্যাহত ও নারীকে আত্মপ্রত্যয়ী করে তোলার লক্ষ্যে করণীয় শীর্ষক কর্মশালা ইতোমধ্যে বিভাগ ও জেলা পর্যায়ে আয়োজন করা হয়। কর্মশালায় প্রাপ্ত সুপারিশসমূহ পুস্তিকা আকারে প্রকাশ করে প্রধানমন্ত্রীর কার্যালয়, শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অফিসসমূহে প্রেরণ করা হয়।

বার্ষিক প্রতিবেদন প্রকাশের পাশাপাশি প্রতিবছর প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর পরিচিতি সম্পর্কিত ইৎড়পযঁৎব, নারী শিক্ষার প্রসার, বাল্যবিবাহ রোধ এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণীসম্বলিত পোস্টার প্রকাশ করে মন্ত্রণালয়, বিভিন্ন দপ্তর-পরিদপ্তর, জেলা-উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারি-বেসরকারি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রেরণ করা হয়।

মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অভিপ্রায়, মাননীয় শিক্ষামন্ত্রী ও মাননীয় শিক্ষা উপমন্ত্রীর নির্দেশনা এবং সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ মহোদয়ের তত্ত্বাবধানে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনটি আকর্ষণীয় ও ত্রুটিমুক্ত করতে সকলের আন্তরিক প্রয়াস ছিল। তথাপি যে কোন ত্রুটি-বিচ্যুতি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখতে বিনীত অনুরোধ করছি। এ প্রতিবেদনটি প্রকাশে যারা অক্লান্ত পরিশ্রম ও মেধা প্রয়োগ করেছেন তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

(নাসরীন আফরোজ)

সূচিপত্র

বিষয়বস্তু	পৃষ্ঠা
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট স্থাপনের পটভূমি	
প্রধান পৃষ্ঠপোষক	
উপদেষ্টা পরিষদ	
ট্রাস্টি বোর্ড	
উপদেষ্টা পরিষদ এর সভা	
ট্রাস্টি বোর্ড এর সভা	
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের দায়িত্ব ও কার্যাবলি	
অনুমোদিত জনবল ও পদায়ন	
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে কর্মরত কর্মকর্তাগণ	
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে কর্মরত কর্মচারীগণ	
উপবৃত্তি প্রদান ও অন্যান্য কার্যক্রম	
মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উপবৃত্তি বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন	
উপবৃত্তি বিতরণ	
আর্থিক সহায়তা ও অনুদান প্রদান	
দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান	
দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদেও এককালীন আর্থিক অনুদান প্রদান	
এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান	
কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন	
৪র্থ জাতীয় উন্নয়ন মেলায় অংশগ্রহণ	
জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩ তম শাহাদাৎ বার্ষিকী উদযাপন	
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯ তম জন্মবার্ষিকী উদযাপন	
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিল	
এফ.ডি.আর. সমূহ	
স্থায়ী তহবিলের বিবরণ	
ট্রাস্টের মোটস্থিতি	
উপবৃত্তি বাবদ খরচ	
স্থায়ী তহবিল এর আয় ও ব্যয়ের হিসাব	
২০১৮-২০১৯ অর্থবছরে রাজস্ব বাজেট থেকে প্রাপ্তি ও খরচ	
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	
কর্মশালা আয়োজন ও সচিত্র প্রতিবেদন	
স্থিরচিত্রে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ২০১৮-১৯ অর্থবছরের কার্যক্রম	
মাননীয় প্রধানমন্ত্রীর লিখিত নির্দেশনা	

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট স্থাপনের পটভূমি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে শিক্ষাকে মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০ এপ্রিল ২০১০ খ্রি. তারিখে অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের শিক্ষা নিশ্চিত করার উদ্দেশ্যে বৃত্তি প্রদানের জন্য একটি 'ট্রাস্ট ফান্ড' গঠনের লক্ষ্যে পরিকল্পনা মন্ত্রণালয়কে একটি লিখিত নির্দেশনা প্রদান করেন। এ ফান্ড গঠনের সম্ভাব্যতা পরীক্ষাপূর্বক প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়নের জন্য মাননীয় পরিকল্পনামন্ত্রীকে আহ্বায়ক করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৪ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। এছাড়া প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৭ আগস্ট ২০১০ খ্রি. তারিখের প্রজ্ঞাপনে মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়কে আহ্বায়ক করে ট্রাস্ট ফান্ড গঠন ও বাস্তবায়নের লক্ষ্যে নীতিমালা প্রণয়নের জন্য একটি উপ-কমিটি গঠন করা হয়। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত ০৯ আগস্ট ২০১০ খ্রি. তারিখের সভায় শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে আহ্বায়ক করে একটি টেকনিক্যাল উপ-কমিটি গঠন করা হয়। এ বিষয়ে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে (০৫) পাঁচটি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তের আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের ৩১ জানুয়ারি ২০১১ খ্রি. তারিখের পত্রে ট্রাস্ট ফান্ড গঠন সম্পর্কিত প্রতিবেদন, নীতিমালা ও আইনের খসড়া পরিকল্পনা কমিশনে পেশ করা হয়।

পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিবেদনটি পরিকল্পনা মন্ত্রণালয় থেকে সার-সংক্ষেপের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট পেশ করা হয়। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ফান্ড আইন, ২০১১ প্রণয়নের জন্য মাননীয় পরিকল্পনামন্ত্রী ০৬ মার্চ ২০১১ খ্রি: তারিখে মাননীয় শিক্ষামন্ত্রীর বরাবরে একটি আধা-সরকারি পত্র প্রেরণ করেন। মাননীয় পরিকল্পনামন্ত্রীর পরামর্শ অনুযায়ী প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ফান্ড আইন, ২০১১ এর খসড়া প্রণয়ন করে জঁষবং ড়ভ ইঁংরহবংং, ১৯৯৬ এবং সচিবালয় নির্দেশমালা, ২০০৮ এর বিধান অনুযায়ী উক্ত ট্রাস্ট ফান্ড সংক্রান্ত প্রণীত খসড়া আইনটি ১২ সেপ্টেম্বর ২০১১ খ্রি. তারিখে মন্ত্রিসভায় নীতিগতভাবে অনুমোদিত হয়।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রণীত প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১১ বিগত ১২ ডিসেম্বর ২০১১ খ্রি. তারিখে মন্ত্রিসভার চূড়ান্ত অনুমোদন লাভ করে। ১১ মার্চ ২০১২ খ্রি. তারিখে নবম জাতীয় সংসদের দ্বাদশ অধিবেশনে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট বিল, ২০১২ পাস হয়। সংবিধানের ৮০(২) অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাষ্ট্রপতি ১৪ মার্চ ২০১২ খ্রি. তারিখে উক্ত বিলে সদয় সম্মতি জ্ঞাপন করেন এবং একই তারিখে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়।

ট্রাস্ট আইনের ৩(১) উপ-ধারার বিধান অনুযায়ী ২০১২ খ্রিস্টাব্দে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট নামে একটি 'ট্রাস্ট' স্থাপন করা হয়। এ আইনের ৭(১) উপ-ধারার বিধান অনুযায়ী ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি 'উপদেষ্টা পরিষদ' গঠন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উপদেষ্টা পরিষদ এর চেয়ারম্যান। এ আইনের ৮(১) উপ-ধারা অনুযায়ী ২৫ (পচিঁশ) সদস্যবিশিষ্ট একটি 'ট্রাস্টি বোর্ড' গঠন করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ট্রাস্টি বোর্ড এর সভাপতি এবং ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক এর সদস্য সচিব।

প্রধান পৃষ্ঠপোষক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ট্রাস্টি বোর্ড এর প্রধান পৃষ্ঠপোষক।

উপদেষ্টা পরিষদ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ এর ৭(১) উপ-ধারার বিধান অনুযায়ী ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি উপদেষ্টা পরিষদ রয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী অথবা তদ্‌কর্তৃক মনোনীত অন্য কোন মন্ত্রী, যিনি উপদেষ্টা পরিষদের সদস্য, উপদেষ্টা পরিষদ এর চেয়ারম্যান।

ক্রম:	পদবী	কমিটিতে অবস্থান
১.	মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	চেয়ারম্যান
২.	মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	সদস্য
৩.	মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	সদস্য
৪.	মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	সদস্য
৫.	মাননীয় মন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	সদস্য

ট্রাস্টি বোর্ড

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ এর ৮(১) উপ-ধারা অনুযায়ী ২৬ (ছাব্বিশ) সদস্যবিশিষ্ট একটি ট্রাস্টি বোর্ড রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ট্রাস্টি বোর্ড এর সভাপতি।

ক্রম:	পদবী	কমিটিতে অবস্থান
১.	মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	সভাপতি
২.	মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	সহ-সভাপতি
৩.	মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	সদস্য
৪.	চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা	সদস্য
৫.	মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা	সদস্য
৬.	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা	সদস্য
৭.	সচিব, কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা	সদস্য
৮.	সচিব, অর্থবিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা	সদস্য
৯.	সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা	সদস্য
১০.	সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা	সদস্য
১১.	সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা	সদস্য
১২.	প্রফেসর ড. মো: আখতারুজ্জামান, উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা	সদস্য
১৩.	প্রফেসর মো: নোমান উর রশীদ, কোষাধ্যক্ষ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর	সদস্য
১৪.	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা	সদস্য
১৫.	মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, আগারগাঁও, ঢাকা	সদস্য
১৬.	মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, রমনা, ঢাকা	সদস্য
১৭.	সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস্ অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফ.বি.সি.সি.আই), মতিঝিল, ঢাকা	সদস্য
১৮.	সভাপতি, ব্যাংকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (বি.এ.বি.), গুলশান, ঢাকা	সদস্য
১৯.	অধ্যক্ষ, ঢাকা কলেজ, ঢাকা	সদস্য
২০.	অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা	সদস্য
২১.	অধ্যক্ষ, সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট	সদস্য
২২.	অধ্যক্ষ, ভিকারুননিসা নুন স্কুল এন্ড কলেজ, বেইলী রোড, ঢাকা	সদস্য
২৩.	অধ্যক্ষ, ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম	সদস্য
২৪.	অধ্যক্ষ, ভাগনাহাতি কামিল মাদ্রাসা, শ্রীপুর, গাজীপুর	সদস্য
২৫.	প্রধান শিক্ষক, গভর্নমেন্ট ল্যাবরেটরী স্কুল, ঢাকা	সদস্য
২৬.	ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা	সদস্য সচিব

উপদেষ্টা পরিষদ এর সভা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ এর ৭(১) উপ-ধারার বিধান অনুযায়ী ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি 'উপদেষ্টা পরিষদ' রয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী অথবা তদ্‌কর্তৃক মনোনীত অন্য কোন মন্ত্রী, যিনি উপদেষ্টা পরিষদের সদস্য, উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান। ২০১২-২০১৩ থেকে ২০১৮-২০১৯ অর্থবছর পর্যন্ত উপদেষ্টা পরিষদ এর অনুষ্ঠিত সভাসমূহের বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

সভাসমূহ	সভাপতি	সভার তারিখ	সভার স্থান
প্রথম সভা	মাননীয় প্রধানমন্ত্রী ও উপদেষ্টা পরিষদ এর চেয়ারম্যান শেখ হাসিনা	১৩ মার্চ ২০১৩ খ্রি.	প্রধানমন্ত্রীর কার্যালয়
দ্বিতীয় সভা	মাননীয় প্রধানমন্ত্রী ও উপদেষ্টা পরিষদ এর চেয়ারম্যান শেখ হাসিনা	০৫ এপ্রিল ২০১৫ খ্রি.	প্রধানমন্ত্রীর কার্যালয়
তৃতীয় সভা	মাননীয় প্রধানমন্ত্রী ও উপদেষ্টা পরিষদ এর চেয়ারম্যান শেখ হাসিনা	২০ এপ্রিল ২০১৬ খ্রি.	প্রধানমন্ত্রীর কার্যালয়
চতুর্থ সভা	মাননীয় প্রধানমন্ত্রী ও উপদেষ্টা পরিষদ এর চেয়ারম্যান শেখ হাসিনা	২৩ এপ্রিল ২০১৭ খ্রি.	প্রধানমন্ত্রীর কার্যালয়
পঞ্চম সভা	মাননীয় প্রধানমন্ত্রী ও উপদেষ্টা পরিষদ এর চেয়ারম্যান শেখ হাসিনা	২৩ মে ২০১৮ খ্রি.	প্রধানমন্ত্রীর কার্যালয়

[মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ২৩ মে ২০১৮ খ্রিস্টাব্দে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উপদেষ্টা পরিষদ এর পঞ্চম সভা প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত হয়]

ট্রাস্টি বোর্ড এর সভা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ এর ৮(১) উপ-ধারা অনুযায়ী ২৬ (ছাব্বিশ) সদস্যবিশিষ্ট একটি ট্রাস্টি বোর্ড রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ট্রাস্টি বোর্ড এর সভাপতি এবং প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক এর সদস্য-সচিব। ২০১২-২০১৩ থেকে ২০১৮-২০১৯ অর্থবছর পর্যন্ত ট্রাস্টি বোর্ড এর যে সকল সভা অনুষ্ঠিত হয়েছে, তার বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

ট্রাস্টি বোর্ড এর সভা	সভাপতি	সভার তারিখ	সভার স্থান
প্রথম সভা	শিক্ষা মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী ও ট্রাস্টি বোর্ড এর সভাপতি জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.	০২ মে ২০১৩ খ্রি.	শিক্ষা মন্ত্রণালয় এর সম্মেলন কক্ষ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
দ্বিতীয় সভা	শিক্ষা মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী ও ট্রাস্টি বোর্ড এর সভাপতি জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.	১১ জুন ২০১৪ খ্রি.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সম্মেলন কক্ষ, ধানমন্ডি, ঢাকা
তৃতীয় সভা	শিক্ষা মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী ও ট্রাস্টি বোর্ড এর সভাপতি জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.	১২ জানুয়ারি ২০১৫ খ্রি.	শিক্ষা মন্ত্রণালয় এর সম্মেলন কক্ষ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
চতুর্থ সভা	শিক্ষা মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী ও ট্রাস্টি বোর্ড এর সভাপতি জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.	১২ অক্টোবর ২০১৫ খ্রি.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সম্মেলন কক্ষ, ধানমন্ডি, ঢাকা
পঞ্চম সভা	শিক্ষা মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী ও ট্রাস্টি বোর্ড এর সভাপতি জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.	২৭ সেপ্টেম্বর ২০১৬ খ্রি.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সম্মেলন কক্ষ, ধানমন্ডি, ঢাকা
ষষ্ঠ সভা	শিক্ষা মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী ও ট্রাস্টি বোর্ড এর সভাপতি জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.	০৩ আগস্ট ২০১৭ খ্রি.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সম্মেলন কক্ষ, ধানমন্ডি, ঢাকা
সপ্তম সভা	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী ও ট্রাস্টি বোর্ড এর সহ-সভাপতি এ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান এম.পি.	১৮ জানুয়ারি ২০১৮ খ্রি.	শিক্ষা মন্ত্রণালয় এর সম্মেলন কক্ষ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
অস্টম সভা	শিক্ষা মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী ও ট্রাস্টি বোর্ড এর সভাপতি জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.	১৭ সেপ্টেম্বর ২০১৮ খ্রি.	শিক্ষা মন্ত্রণালয় এর সম্মেলন কক্ষ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
নবম সভা	শিক্ষা মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী ও ট্রাস্টি বোর্ড এর সভাপতি ডা. দীপু মনি এম.পি.	২৪ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি.	শিক্ষা মন্ত্রণালয় এর সম্মেলন কক্ষ বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[মাননীয় শিক্ষামন্ত্রী ড. দীপু মনি এম.পি'র সভাপতিত্বে ২৪ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দে শিক্ষা মন্ত্রণালয় এর সম্মেলন কক্ষে ট্রাস্টি বোড এর নবম সভা অনুষ্ঠিত হয়]

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর দায়িত্ব ও কার্যাবলি

১. ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণি পর্যন্ত দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের বিনা বেতনে শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি ও উপবৃত্তি প্রদান;
২. ট্রাস্ট তহবিলের জন্য অর্থ সংগ্রহ, সংরক্ষণ ও বিনিয়োগ;
৩. প্রতিষ্ঠান ও শিক্ষার্থী নির্বাচনের মানদণ্ড নির্ধারণ;
৪. উপবৃত্তির হার ও পরিমাণ নির্ধারণ;
৫. ট্রাস্ট এর সকল স্থাবর-অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও হেফাজতকরণ;
৬. ট্রাস্ট এর লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের নিমিত্ত বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণসহ যাবতীয় কার্যক্রম গ্রহণ;
৭. ট্রাস্ট এর অধীন গবেষণা কার্যক্রম পরিচালন;
৮. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদে ট্রাস্ট ফান্ড সংক্রান্ত কাজে সম্পৃক্তকরণ;
৯. শিক্ষা কার্যক্রমে সরকারি-বেসরকারি সংস্থা এবং সমাজের বিত্তশালীদের সম্পৃক্তকরণ;
১০. শিক্ষার্থী ঝরে পড়া রোধসহ সকল পর্যায়ে শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণ; এবং
১১. স্নাতকোত্তর পর্যায়ে উচ্চতর গবেষণার জন্য পাবলিক বিশ্ববিদ্যালয়ে এম.ফিল.ও পিএইচ.ডি. কোর্সে নিবন্ধিত বা গবেষণায় নিয়োজিত গবেষককে ফেলোশিপ ও বৃত্তি প্রদান।

অনুমোদিত জনবল ও পদায়ন

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর জন্য প্রথম শ্রেণির ০৯টি, দ্বিতীয় শ্রেণির ০১টি, তৃতীয় শ্রেণির ১৩টি ও চতুর্থ শ্রেণির ০৯টি পদসহ সর্বমোট অনুমোদিত পদ রয়েছে ৩২টি। যথাযথ 'নিয়োগ কমিটি' এবং 'আউট সোর্সিং' এর মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর জন্য কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ প্রদান করা হয়।

অনুমোদিত পদের নাম	অনুমোদিত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূণ্যপদের সংখ্যা
ব্যবস্থাপনা পরিচালক	০১	০১	০০
পরিচালক	০১	০০	০১
উপ-পরিচালক	০১	০১	০০
সহকারী পরিচালক	০৪	০৪	০০
প্রোগ্রামার	০১	০১	০০
সহকারী প্রোগ্রামার	০১	০১	০০
হিসাবরক্ষণ কর্মকর্তা	০১	০১	০০
ডাটা এন্ট্রি অপারেটর	০৪	০৪	০০
ব্যক্তিগত সহকারী	০২	০২	০০
হিসাব রক্ষক	০১	০০	০১
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৪	০৪	০০
ড্রাইভার (গাড়ী চালক)	০২	০১	০১
এমএলএসএস (অফিস সহায়ক)	০৭	০৫	০২
গার্ড	০১	০১	০
সুইপার (ক্লিনার)	০১	০১	০
মোট পদের সংখ্যা	**৩২**	**২৭**	**০৫**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে কর্মরত কর্মকর্তাগণ

কর্মকর্তাদের নাম	পদবি	কার্যকাল	টেলিফোন/সেল/ই-মেইল
নাসরীন আফরোজ	ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)	০৫ নভেম্বর ২০১৯ থেকে বর্তমান	৫৫০০০৪২৩ (অ), ৮১৯১০১৯ (ফ্যাক্স) ০১৭১১৬১৪২৪৫ md@pmeat.gov.bd
জনাব	পরিচালক (যুগ্ম-সচিব)	পদশূন্য	৫৫০০০৪২৬ (অ), ৯১২৪৫৫৫ (বা) director@pmeat.gov.bd
জনাব জান্নাতুল ফেরদৌস	উপ-পরিচালক (উপসচিব)	২৩ মে ২০১৯ থেকে বর্তমান	৫৫০০০৪২৫(অ) ০১৮১৭০২৮২৪৪ dd@pmeat.gov.bd
কাজী হাসিবুদ্দীন আহমেদ	সহকারী পরিচালক; উপবৃত্তি (সহযোগী অধ্যাপক)	৩০ সেপ্টেম্বর ২০১৮ থেকে বর্তমান	৫৫০০০৪২৮ (অ) ০১৭১৫১১৩২৫৮ ad.stipend@pmeat.gov.bd
জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ	সহকারী পরিচালক; পরিকল্পনা ও উন্নয়ন (সহযোগী অধ্যাপক)	২৯ ডিসেম্বর ২০১৩ থেকে বর্তমান	৯১২২৫২৪ (অ); ৯৩৫৪৯৮৫ (বা) ০১৭১১১৪৮৫৮৮ ad.planing@pmeat.gov.bd
জনাব রেজওয়ানা আক্তার জাহান	সহকারী পরিচালক; প্রশাসন (সহকারী অধ্যাপক)	৮ জানুয়ারি ২০১৭ থেকে বর্তমান	৫৫০০০৪২৭ (অ)০১৭১১৭৮২৬২২ ad.admin@pmeat.gov.bd
জনাব যাদব সরকার	সহকারী পরিচালক; অর্থ ও হিসাব (সি. স. সচিব)	---------- থেকে বর্তমান	৯১২২৫৭৩২ (অ); ০১৭১৬৭০৯৩১৮ ad.finance@pmeat.gov.bd
জনাব মো: আবদুল্লাহ আল মামুন	প্রোগ্রামার	১৮ জুন ২০১৯ থেকে বর্তমান	০১৭২৪৫৯৬৬৭৬ programer@pmeat.gov.bd
জনাব অসীম কুমার পাল	সহকারী প্রোগ্রামার	১৬ জুলাই ২০১৫ থেকে বর্তমান	০১৭২৪৫৯৬৬৭৬ ap@pmeat.gov.bd
জনাব উল্লাস চৌধুরী	হিসাবরক্ষণ কর্মকর্তা	১৬ জুন ২০১৯ থেকে বর্তমান	০১৬৭৩২৬৫১৯৯ ullaschy.du@gmail.com

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে কর্মরত কর্মচারীগণ

কর্মচারীদের নাম	পদবি	কার্যকাল	টেলিফোন/সেল/ইমেইল
জনাব সাইফুজ্জামান	ব্যক্তিগত সহকারী	১৫ ফেব্রুয়ারি ২০১৫ থেকে বর্তমান	০১৯১৩৫৪৯৫৫৬ Saifuz_zaman@hotmail.com
জনাব মো: মারুফ হোসেন	ব্যক্তিগত সহকারী	৫ মে ২০১৯ থেকে বর্তমান	০১৭৪১৫৫৪০৮৯ mdmaruf606@gmail.com
জনাব মো: মাহাতাব উদ্দিন	অফিস সহকারী কাম কম্পি: মুদ্রাক্ষরিক	১৫ ফেব্রুয়ারি ২০১৫ থেকে বর্তমান	০১৭১৮৯৯৩৫৩৫ mahatabuddin51@gmail.com
জনাব মো: আসাদুল হাবিব	অফিস সহকারী কাম কম্পি: মুদ্রাক্ষরিক	১৫ ফেব্রুয়ারি ২০১৫ থেকে বর্তমান	০১৭১৪২৯৩১৯৭ habibraha80@gmail.com
জনাব আবুল খায়ের	অফিস সহকারী কাম কম্পি: মুদ্রাক্ষরিক	১১ জুন ২০১৯ থেকে বর্তমান	০১৭৫৮৯৫৬২১৮ abulkhayer922@gmail.com
জনাব সুরভী ইসলাম	অফিস সহকারী কাম কম্পি: মুদ্রাক্ষরিক	০১ আগস্ট ২০১৭ থেকে বর্তমান	০১৯৩৬৯৫০১৩২ suraviislampoly@gmail.com
জনাব সওকত হোসেন	ডাটা এন্ট্রি অপারেটর	৫ মে ২০১৯ থেকে বর্তমান	০১৭৮১২১১২০২ shsawkat009@gmail.com
জনাব আলেয়া আক্তার	ডাটা এন্ট্রি অপারেটর	১৫ ফেব্রুয়ারি ২০১৫ থেকে বর্তমান	০১৯৫৩২৩০৭৯০ sstani1993@gmail.com
জনাব আবুবকর সিদ্দিক	ডাটা এন্ট্রি অপারেটর	১৫ ফেব্রুয়ারি ২০১৫ থেকে বর্তমান	০১৭৩১২৫৭১৪০ ahmadrussel67@gmail.com
জনাব মো: আইয়ুব হোসেন	ডাটা এন্ট্রি অপারেটর	০১ আগস্ট ২০১৭ থেকে বর্তমান	০১৯১৩৭২৮৬৬০ ayubtota@gmail.com
জনাব মো: মিজানুর রহমান	গাড়িচালক	১৫ ফেব্রুয়ারি ২০১৫ থেকে বর্তমান	০১৭৩৪৬২১২৪২
জনাব মো: ইমরান হোসেন	গাড়িচালক	১১ জুলাই ২০১৮ থেকে বর্তমান	০১৬১১৭৩৩৫৫৫
জনাব মো: আসলাম	গাড়িচালক	১১ জুলাই ২০১৮ থেকে বর্তমান	০১৬৩৫৪০৪৯১২

উপবৃত্তি প্রদান ও অন্যান্য কার্যক্রম

শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি, ঝরে পড়া রোধ, শিক্ষার প্রসার, বাল্যবিবাহ রোধ, নারীর ক্ষমতায়ন, আর্থ-সামাজিক উন্নয়নে মেয়েদের অংশগ্রহণ বৃদ্ধিসহ শিক্ষাক্ষেত্রে ছাত্র-ছাত্রীর সংখ্যাসাম্য রক্ষার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় উপবৃত্তি, আর্থিক সহায়তা ও আর্থিক অনুদান প্রদান করা হচ্ছে। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর মাধ্যমে নারীশিক্ষা বিস্তার, উপবৃত্তি বিষয়ক সচেতনতামূলক র্কমশালা এবং বিভিন্ন কর্মশালার আয়োজন করা হয়ে থাকে, যা শিক্ষার হার বৃদ্ধি, ঝরে পড়া রোধ এবং শিক্ষার্থীদের মাঝে নারী-পুরুষের সাম্য প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উপবৃত্তি বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর উপবৃত্তি কার্যক্রম শুভ উদ্বোধন করেন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর উপদেষ্টা পরিষদের সভাপতি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২০১২-২০১৩ অর্থবছরে স্নাতক ও সমমান পর্যায়ের ১,২৯,৮১০ (এক লক্ষ উনত্রিশ হাজার আটশত দশ) জন ছাত্রীর মাঝে মোট ৭২.৯৫ (বাহাত্তর কোটি পঁচানব্বই লক্ষ) কোটি টাকা উপবৃত্তি বাবদ প্রদান করা হয়। ৩০ জুন ২০১৩ খ্রি. তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্নাতক ও সমমান পর্যায়ের ১৫ (পনের) জন ছাত্রীকে সরাসারি উপবৃত্তি বিতরণের মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর উপবৃত্তি কার্যক্রমের শুভ উদ্বোধন করেন।

উপবৃত্তি বিতরণ

২০১৩ খ্রিস্টাব্দের উপবৃত্তি বিতরণ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২০১২-২০১৩ অর্থবছরে স্নাতক ও সমমান পর্যায়ে ১,২৯,৮১০ (এক লক্ষ উনত্রিশ হাজার আটশত দশ) জন ছাত্রীর মাঝে মোট ৭২,৯৫,৩২,২০০.০০ (বাহাত্তর কোটি পঁচানব্বই লক্ষ বত্রিশ হাজার দুইশত) টাকা উপবৃত্তি বাবদ প্রদান করা হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ে ৩০ জুন, ২০১৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্নাতক ও সমমান পর্যায়ের ১৫ (পনের) জন ছাত্রীর মাঝে সরাসারি উপবৃত্তি অর্থ বিতরণ করেন।

[৩০ জুন ২০১৩ খ্রি. তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাত্রীদের মাঝে উপবৃত্তির অর্থ প্রদান করেন]

২০১৫ খ্রিস্টাব্দের উপবৃত্তি বিতরণ

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় উপবৃত্তি প্রদান কার্যক্রমে ২০১৩-২০১৪ অর্থবছর থেকে ছাত্রীদের পাশাপাশি ছাত্রদেরও অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০১৩-২০১৪ অর্থবছরে ১৪,৬৭৭ (চৌদ্দ হাজার ছয়শত সাতাত্তর) জন ছাত্র এবং ১,৪৮,৪০২ (এক লক্ষ আটচল্লিশ হাজার চারশত দুই) জন ছাত্রীসহ সর্বমোট ১,৬৩,০৭৯ (এক লক্ষ তেষট্টি হাজার উনাশি) জন স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীর মধ্যে ৯১,৬৫,০৩,৯৮০ (একানব্বই কোটি পঁয়ষট্টি লক্ষ তিন হাজার নয়শত আশি) টাকা উপবৃত্তি বাবদ বিতরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৬ এপ্রিল ২০১৫ খ্রিস্টাব্দে ১০ (দশ) জন ছাত্র-ছাত্রী-কে সরাসরি উপবৃত্তির অর্থ প্রদান করেন এবং একই দিনে সারাদেশে একযোগে উপবৃত্তি বিতরণ করা হয়।

[২৬ এপ্রিল ২০১৫ খ্রি. তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির অর্থ প্রদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা]

২০১৬ খ্রিস্টাব্দের উপবৃত্তি বিতরণ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২০১৬ খ্রিস্টাব্দে স্নাতক ও সমমান পর্যায়ের সর্বমোট ২,০৮,৮৮৬ জন (ছাত্রী ১,৬৯,৮৪৬ জন ও ছাত্র ৩৯,০৪০ জন) শিক্ষার্থীর মধ্যে ১১৩,৬১,৩৩,৫৬০.০০ (একশত তের কোটি একষট্টি লক্ষ তেত্রিশ হাজার পাঁচশত ষাট) টাকা বিতরণ করা হয়েছে। ২৩ জুন, ২০১৬ খ্রিস্টাব্দে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী উক্ত উপবৃত্তি বিতরণ কার্যক্রম শুভ উদ্বোধন করেন এবং একই দিনে সারাদেশে একযোগে উপবৃত্তি বিতরণ করা হয়।

শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির অর্থ প্রদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.]

২০১৭ খ্রিস্টাব্দের উপবৃত্তি বিতরণ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২০১৭ খ্রিস্টাব্দে স্নাতক ও সমমান পর্যায়ের মোট ২,৪৭,৮৩৩ জন (ছাত্রী ১,৮৬,৭১৪ জন ও ছাত্র ৬১,১১৯ জন) শিক্ষার্থীর মধ্যে ১৩৪,২৪,৩২,৯৮০.০০ (একশত চৌত্রিশ কোটি চব্বিশ লক্ষ বত্রিশ হাজার নয়শত আশি) টাকা বিতরণ করা হয়েছে। ১৩ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. মোবাইল একাউন্ট 'রকেট' এর মাধ্যমে সারাদেশে একযোগে উপবৃত্তি বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন।

[১৩ জুলাই ২০১৭ খ্রি. তারিখে স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির অর্থ প্রদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.]

২০১৮ খ্রিস্টাব্দের উপবৃত্তি বিতরণ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২০১৮ খ্রিস্টাব্দে ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতক ও সমমান পর্যায়ের মোট ২,৬০,০৭০ জন (ছাত্রী ১,৯০,২৪৩ জন ও ছাত্র ৬৯,৮২৭ জন) শিক্ষার্থীর মধ্যে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপবৃত্তি ও অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে টিউশন ফি বাবদ ১৩৭,৬০,৮৪,০৪০.০০ (একশত সাতত্রিশ কোটি ষাট লক্ষ চুরাশি হাজার চল্লিশ) টাকা বিতরণ করা হয়। ০৯ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব জনাব মো: সোহরাব হোসাইন মোবাইল একাউন্ট 'রকেট' এর মাধ্যমে সারাদেশে একযোগে উপবৃত্তি বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন।

[০৯ ডিসেম্বর ২০১৯ খ্রি. তারিখে স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির অর্থ প্রদান করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব জনাব মো: সোহরাব হোসাইন]

আর্থিক সহায়তা ও অনুদান প্রদান

দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট উপবৃত্তি বিতরণের পাশাপাশি দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান করে থাকে। এ লক্ষ্যে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নীতিমালা প্রণয়ন করা হয়। দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে মাধ্যমিক পর্যায়ে ৫,০০০.০০ টাকা, উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৮,০০০.০০ টাকা এবং স্নাতক ও সমমান পর্যায়ে ১০,০০০.০০ টাকা হারে আর্থিক সহায়তা হিসেবে বিতরণকৃত অর্থের বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

অর্থবছর	শিক্ষার পর্যায়	শিক্ষার্থীর সংখ্যা	আর্থিক সহায়তা (টাকায়)	সর্বমোট (টাকায়)
	মাধ্যমিক	৭০ জন	১,৪০,০০০.০০	২,৪১,০০০.০০
২০১৪-২০১৫	উচ্চ মাধ্যমিক	২২ জন	৬৬,০০০.০০	
	স্নাতক ও সমমান	০৭ জন	৩৫,০০০.০০	
	মাধ্যমিক	৪৩ জন	৮৬.০০০.০০	২,২৭,০০০.০০
২০১৫-২০১৬	উচ্চ মাধ্যমিক	২৭ জন	৮১,০০০.০০	
	স্নাতক ও সমমান	১২ জন	৬০,০০০.০০	
	মাধ্যমিক	১০২ জন	২,০৪,০০০.০০	৩,৫৮,০০০.০০
২০১৬-২০১৭	উচ্চ মাধ্যমিক	৩৮ জন	১,১৪,০০০.০০	
	স্নাতক ও সমমান	০৮ জন	৪০,০০০.০০	
	মাধ্যমিক	১৩৪ জন	১৬৮,০০০.০০	৪,৫৭,০০০.০০
২০১৭-২০১৮	উচ্চ মাধ্যমিক	৫৩ জন	১,৫৯,০০০.০০	
	স্নাতক ও সমমান	০৬ জন	৩০,০০০.০০	
২০১৮-২০১৯	মাধ্যমিক	৮৬ জন	২,৯৮,০০০.০০	৫,৩৭,০০০.০০
	উচ্চ মাধ্যমিক	৪৩ জন	১,৫৪,০০০.০০	
	স্নাতক ও সমমান	১০ জন	৮৫,০০০.০০	
	সর্বমোট:	৬৬১ জন	১৮,২০,০০০.০০	১৮,২০,০০০.০০

দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা হয়। এ লক্ষ্যে দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নীতিমালা প্রণয়ন করা হয়। দুর্ঘটনার কারণে গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদানের ফলে অর্থাভাবে চিকিৎসা বঞ্চিত শিক্ষার্থীদের শিক্ষায় ব্যঘাত ঘটবেনা তথা তাদের শিক্ষা কার্যক্রমের ধারাবাহিকতা নিশ্চিত হবে। দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নীতিমালার আলোকে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং স্নাতক ও সমমান পর্যায়ের দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে ১০,০০০.০০ টাকা থেকে ৫০,০০০.০০ টাকা পর্যন্ত এককালীন আর্থিক অনুদান হিসেবে প্রদানকৃত অর্থের বিবরণ নিম্নরূপ:

অর্থবছর	শিক্ষার পর্যায়	শিক্ষার্থীর সংখ্যা	আর্থিক সহায়তা (টাকায়)	সর্বমোট (টাকায়)
২০১৪-২০১৫	মাধ্যমিক	০৬ জন	৯৫,০০০.০০	৯৫,০০০.০০
	উচ্চ মাধ্যমিক	০০ জন	০০.০০	
	স্নাতক ও সমমান	০০ জন	০০.০০	
২০১৫-২০১৬	মাধ্যমিক	০৪ জন	৭০,০০০.০০	৭০,০০০.০০
	উচ্চ মাধ্যমিক	০০ জন	০০.০০	
	স্নাতক ও সমমান	০০ জন	০০.০০	
২০১৬-২০১৭	মাধ্যমিক	০৬ জন	১,২০,০০০.০০	১,৪৫,০০০.০০
	উচ্চ মাধ্যমিক	০০ জন	০০.০০	
	স্নাতক ও সমমান	০১ জন	২৫,০০০.০০	

২০১৭-২০১৮	মাধ্যমিক	০১ জন	২৫,০০০.০০	৪৫,০০০.০০
	উচ্চ মাধ্যমিক	০০ জন	০০.০০	
	স্নাতক ও সমমান	০১ জন	২০,০০০.০০	
২০১৮-২০১৯	মাধ্যমিক	--	--	১০,০০০.০০
	উচ্চ মাধ্যমিক	--	--	
	স্নাতক ও সমমান	০১ জন	১০,০০০.০০	
সর্বমোট:		২০ জন	৩,৬৫,০০০.০০	৩,৬৫,০০০.০০

এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদানের জন্য নীতিমালা, ২০১৭ অনুযায়ী ৫.০০ (পাঁচ) কোটি টাকা নিয়ে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদানের জন্য 'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান তহবিল' নামে একটি স্থায়ী তহবিল গঠন করা হয়। ২০১৭-২০১৮ অর্থবছর থেকে উচ্চ শিক্ষায় গবেষকদের উৎসাহিত করণের লক্ষ্যে এম.ফিল. কোর্সে মাসিক ১০,০০০.০০ টাকা এবং পিএইচ.ডি. কোর্সে মাসিক ১৫,০০০.০০ টাকা করে গবেষক প্রতি ফেলোশিপ ও বৃত্তি প্রদান করা হচ্ছে।

সাল	গবেষণার পর্যায়	সময়	গবেষকের সংখ্যা
২০১৮	এম.ফিল. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি	দু'বছর	০১ জন
	পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি	তিন বছর	০০ জন
২০১৯	এম.ফিল. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি	দু'বছর	০৯ জন
	পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি	তিন বছর	০৭ জন
		সর্বমোট:	১৬ জন

কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন:

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর উদ্যোগে ২০১৮-২০১৯ অর্থবছরে 'নারী শিক্ষা অব্যাহত ও নারীকে আত্মপ্রত্যয়ী করে তোলার বিষয়ে করণীয়' শীর্ষক ১০ টি কর্মশালা জেলা পর্যায়ে এবং 'উপবৃত্তি বাস্তবায়ন' শীর্ষক ০৪ টি প্রশিক্ষণ কর্মশালা বিভাগীয় শহরে অনুষ্ঠিত হয়।

ক) 'নারী শিক্ষা অব্যাহত ও নারীকে আত্মপ্রত্যয়ী করে তোলার বিষয়ে করণীয়' শীর্ষক কর্মশালা আয়োজন:

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর উদ্যোগে 'নারী শিক্ষা অব্যাহত ও নারীকে আত্মপ্রত্যয়ী করে তোলার বিষয়ে করণীয়' শীর্ষক জেলা পর্যায়ে ১০ টি কর্মশালা আয়োজন করা হয় যার বিস্তারিত বিবরণ নিম্নরুপ:

[২৯ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দে 'নারী শিক্ষা অব্যাহত ও নারীকে আত্মপ্রত্যয়ী করে তোলার বিষয়ে করণীয়' শীর্ষক কর্মশালা পটুয়াখালী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।]

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অর্থায়নে 'নারী শিক্ষা অব্যাহত ও নারীকে আত্মপ্রত্যয়ী করে তোলার বিষয়ে করণীয়' শীর্ষক জেলা পর্যায়ের কর্মশালা: ২০১৮-২০১৯

১০ (দশ)টি জেলায় অনুষ্ঠিত কর্মশালার বিস্তারিত আনুমানিক ব্যয় বিবরণী:

(ক) অংশগ্রহণকারীদের সম্মানী সংক্রান্ত খরচাবলী				(খ) অতিথিদের সম্মানী সংক্রান্ত খরচাবলী			(গ) অন্যান্য খরচাবলী			
